গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ**
ডিটিসিএ ভবন, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
ওয়েবসাইট: www.dtca.gov.bd

**বিষয়: গণপরিবহণে Rapid Pass ব্যবহারকারীগণের সাথে ফিডব্যাক সভার কার্যবিবরণী**

**সভাপতি** : জনাব শাহেদ পারভেজ, ট্রেনিং এ্যাডভাইজার (উপসচিব), ডিটিসিএ।
**সভার তারিখ ও সময়** : ০২ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিঃ ও সকাল ১১:০০ ঘটিকা।
**সভার স্থান** : অনলাইন প্ল্যাটফর্ম 'জুম'

সম্মানিত সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি মহোদয় গণপরিবহনে Rapid Pass এর ব্যবহার কার্যক্রম সম্পর্কে উপস্থাপনা প্রদানের জন্য আহবান জানান।

## ২.০ উপস্থাপনা ও আলোচনাঃ

জনাব মোঃ রাফি হায়দার, সহকারী প্রোগ্রামার (ক্লিয়ারিং হাউস অপারেশন অ্যান্ড মেইন্টেন্যান্স), ডিটিসিএ; সকলকে সমন্বিত ই-টিকেটিং ব্যবস্থা ও স্মার্ট টিকেটিং (Rapid Pass) এর লক্ষ্য ও উদ্দেশ্য, ক্লিয়ারিং হাউস এর সার্ভার সিস্টেম (ডাটাসেন্টার), ক্লিয়ারিং হাউস ও AFC System সম্পর্কে বিস্তারিত তথ্য তুলে ধরেন। সভায় সহকারী প্রোগ্রামার সভাকে জানান যে, গণপরিবহন পরিচালনায় ভাড়া/মূল্য/টোল পরিশোধ সংক্রান্ত সেবাসমূহ, গণপরিবহনে যাত্রী সেবা আরো সহজতর এবং দ্রুততর করার জন্য সমন্বিত ই-টিকেটিং (One Card for all) কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে সরকার RapidPass প্রবর্তন করেছে। সমন্বিত ই-টিকেটিং ব্যবস্থা ও স্মার্ট টিকেটিং (Rapid Pass) এর মূল লক্ষ্য হলো দেশের গণপরিবহন ব্যবস্থাকে আধুনিক, সাশ্রয়ী এবং প্রযুক্তিনির্ভর করে তোলা।

## ৩.০ Rapid Pass ব্যবহারকারীগণের মতামতঃ

"গণপরিবহণে Rapid Pass ব্যবহারকারীগণের সাথে ফিডব্যাক সভাতে উপস্থিত ব্যবহারকারীগণ ব্যবহারের ক্ষেত্রে তাদের গুরুত্বপূর্ণ মতামত তুলে ধরেন। যার বিস্তারিত নিম্নরূপঃ

| ক্রমিক | ব্যবহারকারীর নাম ও পরিচয় | মতামত/অভিযোগ/মন্তব্য | ডিটিসিএ টিম হতে সমাধান/ মন্তব্য | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ০১ | জনাব সাদিক<br>বেসরকারি কলেজ প্রভাষক | ফার্মগেট – মতিঝিল যাতায়াতে ভাড়া যেনো স্টেশন অনুযায়ী কাটা হয়।<br><br>কার্ডের মান যেনো বৃদ্ধি উন্নত করা হয় যাতে কার্ডটি দীর্ঘদিন ব্যবহার করা সম্ভব হয়। | ইতোমধ্যে এই পদ্ধতিতেই ভাড়া নেওয়া হয়। দূরত্ব ও স্টেশন সংখ্যা অনুযায়ী।<br><br>Rapidpass কার্ডের মেয়াদ ১০ বছর এবং ইতোমধ্যে এই কার্ডের মান বাড়ানো হয়েছে। ফলে ড্যামেজ কার্ডের পরিমাণ কমে আসছে। এছাড়া, কারো কার্ড ক্ষতিগ্রস্ত হলে কার্ড রিইস্যু করার সুযোগ রয়েছে। | - |

| ক্রমিক | ব্যবহারকারীর নাম ও পরিচয় | মতামত/অভিযোগ/মন্তব্য | ডিটিসিএ টিম হতে সমাধান/ মন্তব্য | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ০২ | জনাব এস এম মহিদুল<br>আইটি ফার্ম, উত্তরা | Rapid pass মোবাইল অ্যাপ ও ওয়েবসাইট এ ফোন নম্বর / ইমেইল ঠিকানা পরিবর্তন করার সুযোগ যেনো গ্রাহকগণকে দেয়া হয়। | Rapid Pass কার্ডের জন্য ইমেইল এবং ফোন নম্বর একটি Identity Key. বার বার এটা পরিবর্তন করার সুযোগে গ্রাহকের নিরাপত্তা বিঘ্নিত হবার সুযোগ থাকে। তবে গ্রাহকের অনুরোধে ১ বার ইমেইল/মোবাইল নম্বর পরিবর্তন করার সুযোগ রয়েছে। | |
| ০৩ | জনাব তাসনিম<br>সিস্টেম ইঞ্জিনিয়ার,<br>বেসরকারি প্রতিষ্ঠান | অনেকসময় অনলাইন রিচার্জ সম্পন্ন করার পর AVM ডিভাইসে ৩/৪ বার ট্যাপ করার পর রিচার্জ সফল হয়। | অনেক গ্রাহক সঠিক ভাবে ট্যাপ না করার কারণে ৩/৪ বার ট্যাপের পর রিচার্জ সফল দেখায়। তবে কিছু ডিভাইসে টেকনিক্যাল সমস্যা আছে কিনা তা যাচাই পূর্বক সমাধান করা হবে। | গ্রাহকের কাছ থেকে তথ্য সংগ্রহ করে যে সকল স্টেশনের ডিভাইসে সমস্যা দেখা দিয়েছে তা দ্রুত সমাধান করা হবে। |
| | জনাব মাহমুদুল<br>গ্রাফিক্স ডিজাইনার,<br>ফ্রিল্যান্সার | মিরপুর-১০ স্টেশনের এভিএম মেশিনের বার বার ট্যাপ করার পরে রিচার্জ সফল হয়। AVM এর কোনো বাগ থাকলে তা সমাধানের জন্য অনুরোধ জানান। | | |
| ০৪ | জনাব ফারাবি<br>ছাত্র, বেসরকারি<br>বিশ্ববিদ্যালয় | RapidPass কার্ড কি হোম ডেলিভারি সম্ভব কিনা।<br>RapidPass মোবাইল অ্যাপস iOS Platform এ কবে আসবে। | এখন পর্যন্ত Rapidpass কার্ড অনলাইনে বুকিং এর মাধ্যমে ক্রয় করা বা হোম ডেলিভারি করার সুযোগ নেই, তবে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে এ বিষয়ে আলোচনা করা হবে। অধিক সংখ্যক গ্রাহকের সুবিধার কথা বিবেচনা করে শুরুতে বহুল ব্যবহৃত Android Platform এ অ্যাপস আনা হয়েছে। তবে iOS Platform অ্যাপস ডেভেলপের বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রস্তাব জানানো হবে। | |
| ০৫ | জনাব মাহমুদুল<br>গ্রাফিক্স ডিজাইনার,<br>ফ্রিল্যান্সার | RapidPass কার্ডের বর্তমান অবস্থা ও ভবিষ্যত পরিকল্পনা website এ শেয়ার করা উচিত। | অনুরোধের প্রেক্ষিতে উক্ত তথ্য website এ যুক্ত করা হবে। | |

| ক্রমিক | ব্যবহারকারীর নাম ও পরিচয় | মতামত/অভিযোগ/মন্তব্য | ডিটিসিএ টিম হতে সমাধান/ মন্তব্য | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ০৬ | জনাব হাসান<br>ছাত্র | ডিএমটিসিএল এর ডিসপ্লে তে ট্রেনের হেডওয়ে এর যে সময় দেখানো হয় সেটা অনেক সময় ভুল দেখায়।<br><br>ডিএমটিসিএল এর এন্ট্রি লিফটের সামনে অনেক সময় অনেক মানসিক বিকারগ্রস্ত মানুষ শুয়ে থাকে এবং নোংরা করে রাখে। | ডিএমটিসিএল-কে পত্র মারফত অভিযোগগুলো জানানো হবে। | ডিএমটিসিএল কে এ বিষয়ে পত্র প্রেরণ করা হবে। |
| ০৭ | জনাব কিবরিয়া<br>ছাত্র | অনলাইন রিচার্জে NFC ফোনের পেছনে ট্যাপ করে রিচার্জ সম্পন্ন করা যায় কিনা।<br><br>RapidPass কার্ড কি হোম ডেলিভারি সম্ভব কিনা। | ফোনের পেছনে ট্যাপ করে রিচার্জ করার জন্য সনির ফেলিকা সার্ভার ব্যবহার করা আবশ্যক। এবিষয়ে সনি কর্পোরেশনের সাথে আলোচনা চলছে এবং ভবিষ্যতে ফিচারটি সংযোজন করা হবে।<br><br>এখন পর্যন্ত Rapidpass কার্ড অনলাইনে বুকিং এর মাধ্যমে ক্রয় করা বা হোম ডেলিভারি করার সুযোগ নেই, তবে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে এ বিষয়ে আলোচনা করা হবে। | |
| ০৮ | জনাব নাইম<br>MPC | কার্ডের রিফান্ড পলিসি সহজ করার আহবান জানান। | ইতোমধ্যে, ১মার্চ ২০২৬ থেকে নতুন পলিসি কার্যকর হবে এবং সেখানে গ্রাহকবান্ধব সকল পলিসি যুক্ত করা হয়েছে। | |
| ০৯ | জনাব ইয়াসিন হক | সার্ভারে ব্যালেন্স এবং হিস্টোরি রিয়েল টাইম হয়না। | RapidPass কার্ডটি অফলাইন কার্ড বিধায় অনলাইনে ডাটা আপডেট হতে সময় প্রয়োজন হয়। তবে NFC Mobile এ ট্যাপ করলে রিয়েল টাইম আপডেট তথ্য দেখা সম্ভব। | |
| ১০ | জনাব তাসনিম হোসেন | SSLCMZ এ পেমেন্ট ব্যর্থ হলে ৫ মিনিট অপেক্ষা করা প্রয়োজন হয়।<br><br>অনেকগুলো কার্ড একত্রে যুক্ত করা থাকলে কার্ড চিহ্নিত করার সুবিধার্থে নিক নেইম যুক্ত করা সম্ভব কিনা। | SSLCMZ এর নিরাপত্তার স্বার্থে এই পলিসি যুক্ত করা হয়েছে। তবে এই সময় টা ২ মিনিট করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হবে।<br><br>ইতোমধ্যে কেউ চাইলে কার্ড যুক্ত করার সময় নিক নেম দিয়ে যুক্ত করতে পারে। | |

| ক্রমিক | ব্যবহারকারীর নাম ও পরিচয় | মতামত/অভিযোগ/মন্তব্য | ডিটিসিএ টিম হতে সমাধান/ মন্তব্য | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১১ | জনাব জাহিদুল<br><br>উত্তরা | কার্ডের মধ্যে ব্যাংক কার্ডের মতন Ambush Print করে নাম সহ দেওয়া সম্ভব কিনা।<br><br>কার্ডের মালিকানা পরিবর্তন করা সম্ভব কিনা। | ভবিষ্যতে ব্যাংক কার্ডের সাথে Rapid Pass ইন্টিগ্রেট করার জন্য কার্যক্রম চলমান রয়েছে।<br><br>যেহেতু, Rapid Pass একটি অফলাইন কার্ড সেজন্য যাত্রীদের নিরাপত্তার স্বার্থে ফিচারটি নেই। | |
| ১২ | জনাব নাইম | কার্ড বিক্রির সময় রেজিস্ট্রেশন করে বিক্রি করা সম্ভব কিনা। | যাত্রীদের নিরাপত্তার সুবিধার্থে ফিচারটি নেই। যাত্রীরা চাইলে কার্ড ক্রয় করে সাথে সাথে অ্যাপস বা ওয়েবসাইটে রেজিস্ট্রেশন করতে পারবে। | |
| ১৩ | RapidPass User | কার্ড হারিয়ে গেলে অন্য কেউ কার্ডটি ব্যবহার যেনো না করতে পারে সে ব্যবস্থা যুক্ত করা প্রয়োজন।<br><br>রিচার্জ করার পর ট্যাপ করে ব্যর্থ হলে করণীয় কি। | কার্ড হারিয়ে গেলে রিইস্যু করার ব্যবস্থা রয়েছে। ১মার্চ ২০২৬ থেকে নতুন পলিসি কার্যকর হবে এবং সেখানে লস্ট কার্ডসহ গ্রাহকবান্ধব সকল পলিসি যুক্ত করা হয়েছে। | |
| ১৪ | পুলিশ কর্মকর্তা<br><br>সাইবার ক্রাইম ডিভিসিন | মেট্রো রেলের প্ল্যাটফর্ম ব্যতীত অন্য যেসকল Waiting Time সহ ডিসপ্লে বোর্ড রয়েছে সেগুলো Synchronized না।<br><br>পাশাপাশি মেট্রো এর লাইভ ট্র্যাকিং যুক্ত করা যায় কিনা। | ডিএমটিসিএল-কে পত্র মারফত প্রস্তাবগুলো জানানো হবে। | ডিএমটিসিএল কে এ বিষয়ে পত্র প্রেরণ করা হবে। |
| ১৫ | জনাব সালেহ আহমেদ<br><br>বেসরকারি চাকুরিজীবী | তিতাস গ্যাসের মত মোবাইল ফোনের মাধ্যমে ট্যাপ করে রিচার্জ করা যায় কিনা। | ফোনের পেছনে ট্যাপ করে রিচার্জ করার জন্য সনির ফেলিকা সার্ভার ব্যবহার করা আবশ্যক। এবিষয়ে সনি কর্পোরেশনের সাথে আলোচনা চলছে এবং ভবিষ্যতে এই ফিচারটি সংযোজন করা হবে। | |
| ১৬ | জনাব নূর<br><br>ছাত্র | RapidPass কার্ডটি NFC Enable Phone এ যুক্ত করে ট্রানসিট কার্ড হিসেবে ব্যবহার করা যায় কিনা। | যেহেতু মেট্রোরেলের পিজি গেটগুলো এই ফিচার সাপোর্ট করে না, তাই এটি সম্ভব নয়। | |

অতঃপর, গ্রাহকদের সকল মতামত, অভিযোগ ও সুপারিশ আলোচনার পর সভাপতি সকলকে স্বতঃস্ফূর্তভাবে সভায় অংশ নেওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। গ্রাহকদের সকল মতামত, অভিযোগ অত্যন্ত গুরুত্বের সাথে সমাধান করা হবে এবং ভবিষ্যতে এ ধরনের ফিডব্যাক সভা অব্যহত থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

**৪.০** অতঃপর, আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/২/২৬


শাহেদ পারভেজ
ট্রেনিং এ্যাডভাইজার (উপসচিব)
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)
ফোন (অফিস): +৮৮ ০২-২২৬৬০৩৭০৮
ইমেইল: ta@dtca.gov.bd


স্মারক নং: ৩৫.০২.০০০০.০০৮.৩৭.০৫৭.১৯-৩৪ তারিখ: ২৭ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিঃ

**বিতরণ: (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

০১। অতিরিক্ত সচিব, আরবান ট্রান্সপোর্ট অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অতিরিক্ত নির্বাহী পরিচালক (পিএন্ডপি/ম্যাস ট্রানজিট/টিএমপিটিআই), ডিটিসিএ।
০৩। পরিচালক (প্রশাসন), ডিটিসিএ।
০৪। ট্রেনিং এ্যাডভাইজার (উপসচিব), ডিটিসিএ।
০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সিনিয়র রোড সেফটি স্পেশালিস্ট (চলতি দায়িত্ব) ও প্রকল্প পরিচালক, ক্লিয়ারিং হাউজ (ফেইজ-২) প্রকল্প, ডিটিসিএ।
০৭। ট্রাফিক এনফোর্সমেন্ট অফিসার, ডিটিসিএ।
০৮। ট্রান্সপোর্ট প্ল্যানার, ডিটিসিএ।
০৯। ট্র্যাফিক ইঞ্জিনিয়ার, ডিটিসিএ।
১০। হিসাব ও অর্থ কর্মকর্তা, ডিটিসিএ।
১১। উপপরিচালক (প্রশাসন), ডিটিসিএ।
১২। আরবান প্ল্যানার (চলতি দায়িত্ব), ডিটিসিএ।
১৩। ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ার (চলতি দায়িত্ব), ডিটিসিএ।
১৪। ম্যাস ট্রানজিট প্ল্যানার (চলতি দায়িত্ব), ডিটিসিএ।
১৫। ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (চলতি দায়িত্ব), ডিটিসিএ।
১৬। ডেপুটি ট্রান্সপোর্ট প্ল্যানার, ডিটিসিএ।
১৭। ডেপুটি ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (এমআরটি), ডিটিসিএ।
১৮। ডেপুটি আরবান প্ল্যানার, ডিটিসিএ।
১৯। সিনিয়র সহকারী হিসাব ও অর্থ কর্মকর্তা, ডিটিসিএ।
২০। প্রোগ্রামার, ডিটিসিএ।

২১। প্রোগ্রামার (ক্লিয়ারিং হাউস এডমিনিস্ট্রেটর), ডিটিসিএ।
২২। প্রোগ্রামার (ডাটাবেজ), ডিটিসিএ।
২৩। ডেপুটি ট্রাফিক ইঞ্জিনিয়ার, ডিটিসিএ।
২৪। ডেপুটি ডিজাইন ইঞ্জিনিয়ার, ডিটিসিএ।
২৫। ডেপুটি ম্যানেজার, ট্রাফিক সার্ভে, ডিটিসিএ।
২৬। ডেপুটি পলিউশন কন্ট্রোল প্ল্যানিং অফিসার, ডিটিসিএ।
২৭। ডেপুটি আর্কিটেক্ট (চলতি দায়িত্ব), ডিটিসিএ।
২৮। সহকারী জিআইএস এনালিস্ট, ডিটিসিএ।
২৯। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ডিটিসিএ ।
৩০। সহকারী প্রোগ্রামার (ক্লিয়ারিং হাউজ এডমিনিস্ট্রেটর), ডিটিসিএ।
৩১। সহকারী পরিচালক-১, ডিটিসিএ।
৩২। সহকারী হিসাব ও অর্থ কর্মকর্তা, ডিটিসিএ।
৩৩ সহকারী ম্যাস ট্রানজিট ইঞ্জিনিয়ার (বিআরটি), ডিটিসিএ।
৩৪। সহকারী ট্রান্সপোর্ট ইকোনোমিস্ট, ডিটিসিএ।
৩৫। সহকারী প্রোগ্রামার (ডাটাবেজ), ডিটিসিএ।
৩৬। সহকারী প্রোগ্রামার (ক্লিয়ারিং হাউস অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স), ডিটিসিএ।
৩৭। সহকারী ট্রাফিক ইঞ্জিনিয়ার, ডিটিসিএ।
৩৮। সহকারী পরিচালক-২, ডিটিসিএ।
৩৯। সহকারী মাস ট্রানজিট প্লানার (বিআরটি), ডিটিসিএ।
৪০। সহকারী পরিচালক (ট্রেনিং) (চলতি দায়িত্ব), ডিটিসিএ।
৪১। সহকারী পরিচালক (চলতি দায়িত্ব)-৩, ডিটিসিএ।
৪২। প্রশাসনিক কর্মকর্তা-১, ডিটিসিএ।
৪৩। প্রশাসনিক কর্মকর্তা-২, ডিটিসিএ।
৪৪। নির্বাহী পরিচালকের একান্ত সচিব, ডিটিসিএ।
৪৫। উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) (চঃদাঃ), ডিটিসিএ।
৪৬। র‍্যাপিড পাস গ্রাহক,.......................................................................।

**<u>অনুলিপি ) :সদয় জ্ঞাতার্থে( (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>**

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভগ। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০২। নির্বাহী পরিচালকের একান্ত সচিব, ডিটিসিএ। (নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৩। অফিস কপি।

10.02.2026

**মোঃ পারভেজ হাওলাদার**
প্রোগ্রামার
(ক্লিয়ারিং হাউস অপারেশন অ্যান্ড মেইনটেন্যান্স),
ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
ফোন: ০২২২৬৬০৩৭৪১